



ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি
মহিপাল, ফেনী।

“আউট সোর্সিং পদ্ধতিতে জনবল সরবরাহের দরপত্র বিজ্ঞপ্তি”


০১। নিম্নের বর্ণনা অনুযায়ী পবিস তহবিলের আওতায় আউট সোর্সিং পদ্ধতিতে সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী ফেনী পল্লী বিদ্যুৎ সমিতির জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিম্নবর্ণিত সেবা ক্রয়ের লক্ষ্যে শর্তসাপেক্ষে আগ্রহী অভিজ্ঞ প্রতিষ্ঠানের নিকট হতে উন্মুক্ত দরপত্র আহ্বান করা যাচ্ছে।

প্যাকেজ ও সাব প্যাকেজ নং	পদের নাম ও ক্যাটাগরী	মাসিক সেবা মূল্য (জনপ্রতি)	পদের সংখ্যা	বয়স সীমা	যোগ্যতা	দরপত্র দলিলের মূল্য (টাকা)	দরপত্রের নিরাপত্তা জামানত (টাকা)
S-22-23 16.02(001)	নিরাপত্তা প্রহরী (ক্যাটাগরী-৫)	১৬১৩০.০০	০৪ টি	১৮-৩০ বছর	এসএসসি পাশ	১,৫০০.০০	৮০,০০০.০০

শর্তাবলী:

- ০২। আগ্রহী দরদাতাগণ অফিস চলাকালীন সময়ে নিয়মিতকাল হতে অতিরিক্ত তথ্য সংগ্রহ করতে পারবেন।
- ০৩। আগ্রহী দরদাতাগণ ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকূলে যে কোন তফসীলি ব্যাংক হতে দরপত্র দলিলের মূল্য বাবদ উপরে বর্ণিত টাকার (অফেরতযোগ্য) পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট সংযুক্ত করতঃ ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি এর জেনারেল ম্যানেজার বরাবরে নিজস্ব লেটার হেড প্যাডে আবেদনের মাধ্যমে ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর/ পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (দঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা হতে আগামী ১৩/১১/২০২২ খ্রি: তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে দরপত্র দলিল সংগ্রহ করতে পারবেন। আগামী ১৪/১১/২০২২ খ্রি: তারিখ দুপুর ১২:০০ ঘটিকার মধ্যে উক্ত দুইটি কার্যালয়ে সংরক্ষিত টেন্ডার বক্সে দরপত্র দাখিল করতে পারবেন।
- ০৪। দরপত্র সমূহ ১৪/১১/২০২২ খ্রি: তারিখ দুপুর ১২:০৫ ঘটিকার সময় ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর এবং পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (দঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকায় উপস্থিত দরদাতার সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- ০৫। পাবলিক প্রকিউরমেন্ট আইন-২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এবং পবিস নির্দেশিকা ৩০০-৩৬ অনুযায়ী দরপত্র কার্যক্রম পরিচালিত হবে।
- ০৬। সকল দরপত্র দলিলের খামের উপরে দরদাতার পূর্ণাঙ্গ ঠিকানা, প্যাকেজ নং ও নাম স্পষ্ট করে লিখতে হবে।
- ০৭। প্রতিটি দরপত্রের সাথে ফেনী পল্লী বিদ্যুৎ সমিতির অনুকূলে যে কোন তফসীলি ব্যাংক হতে জামানত বাবদ উপরে বর্ণিত টাকার (অফেরতযোগ্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত করতে হবে।
- ০৮। আগ্রহী প্রতিষ্ঠানকে নিজস্ব প্যাডে সিডিউলে বর্ণিত ছক অনুসরণ পূর্বক সিলমোহরকৃত খামে দর প্রস্তাব দাখিল করতে হবে। প্রস্তাবের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, সর্বশেষ আয়কর পরিশোধ ও সেবাকর্মী সরবরাহের কমপক্ষে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতার সনদ জমা দিতে হবে।
- ০৯। সার্ভিস কমিশনের হার দরপত্রে উল্লেখিত মূল্যের ৫% এর কম হবেনা। বিধি মোতাবেক সার্ভিস কমিশন হতে AIT কর্তন করে অবশিষ্ট সার্ভিস কমিশন নির্বাচিত প্রতিষ্ঠানের ব্যাংক হিসাবে প্রদান করা হবে।
- ১০। নির্বাচিত জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে ৩০০.০০ (তিনশত) টাকা মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদনের পর নিয়োজিত জনবল কাজ শুরু করতে পারবে। সেবা প্রদানকারীর নামে নিয়োগপত্র ইস্যু করা হবেনা।
- ১১। ০৩ (তিন) বছরের জন্য চুক্তি সম্পাদন করা হবে। সেবা প্রদানকারীর সন্তোষজনক সেবা প্রদানের প্রেক্ষিতে এবং বাপবিবোর্ডের যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে পুনরায় চুক্তি নবায়ন করা যেতে পারে।
- ১২। সেবা প্রদানকারীর সেবামূল্য তার নিজ নামীয় ব্যাংক হিসাবে সেবা ক্রয়কারী কর্তৃক প্রদেয় হবে।
- ১৩। সরবরাহকারীগণকে ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক সেবা মূল্য পরিশোধ করা হবে।
- ১৪। দরপত্র দলিলে উল্লেখিত শর্তাবলী অত্র দরপত্র বিজ্ঞপ্তির শর্ত বলে বিবেচিত হবে।
- ১৫। দরপত্র সম্পর্কে কারো কোন জিজ্ঞাসা থাকলে/ ব্যাখ্যার প্রয়োজন হলে উহা দরপত্র খোলার নির্ধারিত তারিখের কমপক্ষে ০৭ (সাত) দিন পূর্বে জেনারেল ম্যানেজার, ফেনী পবিস, মহিপাল, ফেনী বরাবর অফিস চলাকালীন সময়ে লিখিতভাবে অনুরোধ জানাতে হবে।
- ১৬। ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

“শেখ হাসিনার দর্শন- সেবক হয়ে কর্ম সম্পাদন”


(হাওলাদার-মো: ফজলুর রহমান)
জেনারেল ম্যানেজার (চ: দা:)
টেলিফোন নং- ০২৩৩৪৪-৭২৩০০